

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date : 11-11-24**

**Desk in Charge :**

**Time : 7.35 A.M**

**Compiling:**

**Opening Announcement**

আকাশবাণী, খবর পড়ছি

বিশেষ বিশেষ খবর -

- ১/ রাজ্যের ৬-টি বিধানসভা কেন্দ্রে উপ-নির্বাচনের জন্য প্রচারাভিযান আজ সন্ধ্যায় শেষ হচ্ছে।# ভোট গ্রহণ আগামী বুধবার।
- ২/ রাজ্যে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হচ্ছে আগামীকাল।
- ৩/ RG Kar মেডিক্যাল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুন মামলায় আজ শিয়ালদা আদালতে বিচার প্রক্রিয়া শুরু হচ্ছে।
- ৪/ বেশ কিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী আজ উত্তরবঙ্গ যাচ্ছেন।
- ৫) চন্দননগরে জগদ্ধাত্রী পূজোর আজ দশমী।
- ৬) ISL ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্টস ও ওড়িশা এফ সি-র মধ্যে খেলাটি গতকাল এক-এক গোলে শেষ হয়েছে।

\*\*\*\*\*

রাজ্যের ৬-টি বিধানসভা আসনের উপ-নির্বাচনে প্রচারাভিযান আজ সন্ধ্যায় শেষ হচ্ছে। বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-নেত্রী ও প্রার্থীরা শেষ মুহূর্তে ভোটারদের মন জয়ের চেষ্টায় প্রচারে অংশ নিচ্ছেন।

নৈহাটিতে বিজেপি প্রার্থীর সমর্থনে গতকাল জনসভা করেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শাসক দল অশান্তির পরিবেশ সৃষ্টি করে ভোট করাতে চাইছে বলে তাঁর অভিযোগ। রাজ্যে আবাস যোজনায় চল্লিশ লক্ষ বাড়ির জন্য কেন্দ্রীয় সরকার ৪৫ হাজার কোটি টাকা বরাদ্দ করলেও, রাজ্য সরকার দুর্নীতি করে সেই টাকা লুণ্ঠ করেছে বলেও অভিযোগ করেন তিনি।

বাঁকুড়ার তালডাংরার দলীয় প্রার্থীর সমর্থনে গতকাল একাধিক প্রচার কর্মসূচীতে অংশ নেন পুরমন্ত্রী ফিরহাদ হাকিম। তালডাংরার লক্ষীসাগরে নির্বাচনী প্রচারে গিয়ে বিজেপি নেতা দিলীপ ঘোষ বলেন, গোটা রাজ্য অস্ত্র ভাঙারে পরিণত হয়েছে।

আলিপুরদুয়ারের মাদারিহাটের প্রধাননগর এলাকায় বিজেপি প্রার্থীর সমর্থনে গতকাল প্রচার সারেন দার্জিলিং-এর সাংসদ রাজু বিস্তা। ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন সদস্য ও বহরমপুরের সাংসদ ইউসুফ পাঠান মাদারহাট কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের প্রার্থীর সমর্থনে বিন্নাগুড়িতে পথসভা করেন। পরে গয়েরকাটায় পদযাত্রায় অংশ নেন। বিন্নাগুড়ি এবং তেলিপাড়া চা বাগানে গিয়ে শ্রমিকদের সঙ্গে কথা বলে তাদের অভাব অভিযোগ শোনে শাসক দলের প্রার্থী। মাদারিহাট কেন্দ্রের RSP প্রার্থীও গতকাল প্রচারে অংশ নেন।

কোচবিহারের সীতাই-এ উপনির্বাচনে সন্ত্রাসের আশঙ্কায় বিজেপি পুলিশ ও সাধারণ পর্যবেক্ষকের দ্বারস্থ হয়েছে। দলের তরফে চিঠি লিখে ভোটদাতারা যাতে শান্তিপূর্ণভাবে মতাদেশ প্রয়োগ করতে পারেন, তার দাবী জানানো হয়েছে।

কোচবিহারের সীতাই, আলিপুরদুয়ারের মাদারিহাট, উত্তর ২৪ পরগনার নৈহাটি ও হাড়ায়া, পশ্চিম মেদিনীপুরের মেদিনীপুর এবং বাঁকুড়ার তালডাংরা বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে ভোট নেওয়া হবে ১৩-ই নভেম্বর বুধবার। মোট ভোটদাতার সংখ্যা ১৫

লক্ষ ২২ হাজার ৫৬ জন। এর মধ্যে মেদিনীপুর, মাদারীহাট ও নৈহাটি কেন্দ্রে পুরুষদের থেকে মহিলা ভোটারের সংখ্যা বেশি।

আগেই জানানো হয়েছে, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠিত করতে মোট ১০৮ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী থাকছে। পাশাপাশি থাকছে সমসংখ্যক কুইক রেসপন্স টিম এবং রাজ্য পুলিশের সশস্ত্র বাহিনী। ১০০ শতাংশ বুথে থাকছে ওয়েব কাস্টিং এর ব্যবস্থা।

\*\*\*\*\*

কোচবিহারের সিতাই কেন্দ্রে বামফ্রন্টের নির্বাচনী সভায় হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

গতকাল দুপুরে চৌপাখি এলাকায় সভা চলাকালীন শাসক দলের লোকজন মঞ্চে উঠে ভাঙচুর করে বলে অভিযোগ। চেয়ার ছুঁড়ে মেরে বাম সমর্থকদের ধাক্কা দিয়ে অনুষ্ঠানস্থল থেকে বের করে দেওয়া হয়।

যদিও সব অভিযোগ অস্বীকার করেছে শাসক দল।

\*\*\*\*\*

রাজ্যে ভোটার তালিকা সংশোধনের কাজ আগামীকাল শুরু হচ্ছে।

এর প্রেক্ষিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাব আজ স্বীকৃত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের সঙ্গে ভোটার তালিকায় সংশোধনী প্রক্রিয়া নিয়ে বৈঠক করবেন।

নির্বাচন কমিশনের নির্দেশ, তালিকায় মৃত ভোটারের নাম যেন কোনভাবেই না থাকে। পাশাপাশি একই ভোটারের নাম একাধিক জায়গার তালিকায় যাতে না উঠতে পারে সে বিষয়েও সতর্ক থাকার উপর গুরুত্ব দেয়া হচ্ছে।

উল্লেখ্য, ২০২৫ সালের পয়লা জানুয়ারি যাদের বয়স ১৮ বছর হবে তারাও ভোটার তালিকায় নাম তুলতে পারবেন।

চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে পাঁচই জানুয়ারি।

\*\*\*\*\*

বেশ কিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী উত্তরবঙ্গ যাচ্ছেন। আজ বাগডোগরা হয়ে রাতে তিনি দার্জিলিং পৌঁছবেন।

আগামীকাল (মঙ্গলবার) উন্নয়ন সহ একাধিক বিষয়ে জিটিএ-র সদস্য ও বিভিন্ন উন্নয়ন পর্যদের চেয়ারম্যানদের সঙ্গে বৈঠক করবেন মুখ্যমন্ত্রী।

বুধবার দার্জিলিং চৌরাস্তায় প্রস্তাবিত এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে তাঁর সরস মেলার উদ্বোধন করার কথা।

বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী শিলিগুড়িতে পৌঁছবেন। সেখানেও তাঁর কিছু কর্মসূচী রয়েছে বলে জানা গেছে।

\*\*\*\*\*

কলকাতার RG Kar মেডিক্যাল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুন মামলায় আজ শিয়ালদা আদালতে বিচার প্রক্রিয়া শুরু হচ্ছে।

প্রতিদিনই চলবে শুনানি।

ঘটনার পরদিনই কলকাতা পুলিশ সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রাই-কে গ্রেপ্তার করেছিল। পরে আদালতের নির্দেশে মামলার তদন্তভার যায় CBI-এর হাতে।

CBI-এর জমা দেওয়া চার্জশিটেও অভিযুক্ত হিসেবে এই সঞ্জয়েরই নাম রয়েছে।

গত সোমবার অভিযুক্তের বিরুদ্ধে চার্জ গঠন হয়।

যদিও চিকিৎসকদের একাংশ এই ঘটনায় বৃহত্তর ষড়যন্ত্র এবং আরো অনেকের যুক্ত থাকার দাবী করে আসছে।

সুপ্রিম কোর্টেও এই মামলা নিয়ে একাধিক স্টেটাস রিপোর্ট জমা দিয়েছে CBI ।

\*\*\*\*\*

রুম মেটের সঙ্গে তীব্র বচসার জেরে কলকাতার আরজি কর মেডিকেল কলেজ হাসপাতালে নার্সিং-এর তৃতীয় বর্ষের এক ছাত্রী আত্মঘাতী হওয়ার চেষ্টা করেছেন বলে খবর।

পুরুলিয়ার আদ্রার বাসিন্দা ওই ছাত্রীকে গত শনিবার মধ্যরাতে রক্তাক্ত অবস্থায় হোস্টেলের ঘর থেকে উদ্ধার করা হয়। বর্তমানে তাঁকে ট্রমা কেয়ার সেন্টারে ভর্তি করা হয়েছে।

সম্পর্কের টানাপোড়েন এবং রুমমেটের সঙ্গে মনোমালিন্যের কারণে তিনি মানসিকভাবে বিপর্যস্ত ছিলেন বলে সহপাঠীদের দাবি।

\*\*\*\*\*

বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতালের সাতজন পড়ুয়াকে সাসপেন্ড করার মামলার শুনানিতে কলেজের পক্ষে কেন কোন আইনজীবী নেই সেই প্রশ্ন তুলে জুনিয়র চিকিৎসকরা রাজ্য সরকারকে চিঠি দিয়েছে।

ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্ট-এর তরফে গতকাল মুখ্যসচিব মনোজ পন্থকে ই-মেল করে এই মামলার শুনানিতে যেন হাসপাতালের তরফে আইনজীবী এজলাসে উপস্থিত থাকেন, তা নিশ্চিত করার কথা বলা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

\*\*\*\*\*

আবাস যোজনা নিয়ে রাজ্য জুড়ে চলা বিতর্কের মধ্যে উত্তর ২৪ পরগনার জেলা শাসক শরদকুমার দ্বিবেদী নিজেই সঠিক উপভোক্তা চিহ্নিত করতে এলাকায় যাচ্ছেন।

গতকাল সন্দেশখালি ১ নম্বর ব্লকের বেড়মজুর ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের চুঁচুড়া, খাসদহ সহ একাধিক গ্রামে বিডিও এবং অন্যান্য প্রশাসনিক আধিকারিকদের নিয়ে জেলা শাসক সরজমিনে তদন্ত চালান। এলাকাবাসীর সঙ্গে কথা বলেন তিনি। প্রকৃত উপভোক্তারা আবাস যোজনার ঘর পাবেন বলেও জেলাশাসক আশ্বাস দেন।

\*\*\*\*\*

দক্ষিণ ২৪ পরগনার উস্থিতে বিজেপি নেতা পৃথ্বীরাজ নস্কর খুনের ঘটনায় ধৃত সুজাতা পোদ্দার এর সাত দিনের পুলিশ হেফাজত হয়েছে।

গতকাল তাকে ডায়মন্ড হারবার মহাকুমা আদালতে তোলা হয়। একাধিক বিবাহ বহির্ভূত সম্পর্কের জেরেই সুজাতা ওই বিজেপি নেতাকে ধারালো ব্লেড দিয়ে আঘাত করে খুন করেছেন বলে পুলিশ সূত্রে জানা গেছে। এদিকে গতকাল ডায়মন্ড হারবার পুলিশ মর্গে ময়নাতদন্তের পর পৃথ্বীরাজের দেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

উল্লেখ্য, তিন দিন নিখোঁজ থাকার পর উস্থি-র দলীয় কার্যালয় থেকে পৃথ্বীরাজের দেহ পুলিশ উদ্ধার করে।

\*\*\*\*\*

উত্তরাখণ্ডে বেড়াতে গিয়ে মৃত যাদবপুর বিশ্ব বিদ্যালয়ের অধ্যাপক মৈনাক পালের দেহ গতকাল কলকাতায় ফিরিয়ে আনা হয়েছে।

কয়েকদিন আগে দুই বন্ধুর সঙ্গে তিনি উত্তরাখণ্ডে বেড়াতে গিয়েছিলেন। আলমোড়ার একটি হোটেলের ঘর থেকে মৈনাক পালের দেহ উদ্ধার হয়।

\*\*\*\*\*

চন্দননগরের বিশ্বখ্যাত জগদ্ধাত্রী পুজোর আজ দশমী।

গতকাল নবমীতে মন্ডপে মন্ডপে দর্শনার্থীদের ভিড় উপচে পড়ে। আকর্ষণীয় আলোকসজ্জা, বিশালাকৃতি নয়রাভিরাম প্রতিমা ও বৈচিত্র্যপূর্ণ মন্ডপ সজ্জা দেখতে বহু মানুষ চন্দননগরে ভিড় করেছেন।

নদীয়ার কৃষ্ণনগরে ঐতিহ্যবাহী জগদ্ধাত্রী পুজোর আজ ঘট বিসর্জন।

একটি প্রতিবেদন- ( ভয়েসকাস্ট – অনুপম)

এদিকে, জগদ্ধাত্রী পুজোর প্রতিমা নিরঞ্জননের জন্য পূর্ব রেল আগামীকাল, মঙ্গল ও বুধবার চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করবে। এই তিনদিন সাতটি করে EMU লোকালের যাত্রা পথ কলকাতা স্টেশন থেকে শুরু ও শেষ হবে। চারটি আপ ও চারটি ডাউন ট্রেন বাতিল থাকবে। ঘুরিয়ে দেওয়া হবে বেশ কয়েকটি ট্রেনের যাত্রা পথ।

\*\*\*\*\*

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আবুল কালাম আজাদের জন্মদিন পালিত হচ্ছে। কলকাতার পুর ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে এই মহান স্বাধীনতা সংগ্রামীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন ও স্মরণ করা হবে।

ব্রিটিশ শাসনের বিরুদ্ধে স্বাধীনতা আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন আবুল কালাম আজাদ। যোগ দিয়েছিলেন ভারত ছাড়ো আন্দোলনে। ব্রিটিশ শাসনের বিরুদ্ধে আন্দোলনে নেতৃত্ব দেওয়ার কারণে কয়েক বার তাকে কারাবরণ করতে হয়। স্বাধীন ভারতের শিক্ষা মন্ত্রী হিসেবে তিনি দেশের প্রাথমিক শিক্ষা ও উচ্চ শিক্ষা ক্ষেত্রে উন্নয়নে বেশ কিছু উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছিলেন।

\*\*\*\*\*

রাজ্যে এখনি জাঁকিয়ে শীত পড়ার সম্ভাবনা নেই বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। রাতের তাপমাত্রা কমলেও দিনের তাপমাত্রায় তেমন হেরফের হবে না বলে জানিয়েছেন আবহবিদ সৌরিশ বন্দ্যোপাধ্যায়-

( বাইট- আবহাওয়া )

\*\*\*\*\*

ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট ও ওড়িশা এফ সি-র খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে।

ওড়িশার হুগো বুম্বোস ও মোহনবাগানের মনবীর সিং গোল করেছেন। মোহনবাগান ৭ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার দ্বিতীয় স্থানে রইল। ওড়িশা নবম স্থানে আছে। ৮ ম্যাচে তাদের পয়েন্ট ৯।

\*\*\*\*\*

কলকাতায় জে সি মুখার্জী ট্রফি টি-টোয়েন্টি ক্রিকেটে মোহনবাগান গতকাল ৮ উইকেটে ক্যালকাটা কাস্টমসকে এবং ভবানীপুর ক্লাব একই ব্যবধানে ইস্টবেঙ্গলকে পরাজিত করেছে।

অন্য ম্যাচে টাউন ক্লাব ৭ উইকেটে তপন মেমোরিয়ালকে, বরিশা স্পোর্টিং ৫ উইকেট কালীঘাট ক্লাবকে হারিয়ে দিয়েছে।

\*\*\*\*\*